



# রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২২/৫৯/১১৬৮

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৯  
০২ আগস্ট ২০২২


## বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, দপ্তর প্রধান ও হল প্রভোস্টগণকে জানানো যাচ্ছে যে, গত ২৬/০৭/২০২২ তারিখের একাডেমিক কাউন্সিলের ২৭তম সভায় বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ ও জ্বালানী মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ-এর সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্তসমূহঃ

- এই বিশ্ববিদ্যালয়ের সকল সড়ক বাতি ও একাডেমিক/প্রশাসনিক/ছাত্র-ছাত্রী হল/ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের হোস্টেল/ডরমেটরির সামনে বা পিছনের সকল বাতি সকালে খুব তাড়াতাড়ি সংশ্লিষ্ট জনবলের সাহায্যে বন্ধ নিশ্চিত করতে হবে।
- ছাত্র হল/ছাত্রী হলের বিভিন্ন রুমে রাইস কুকার, হিটার, ইনডাকশন কুকার, ইলেকট্রিক কেটলিসহ অন্যান্য ইলেকট্রিক সামগ্রী শিক্ষার্থীরা যাতে ব্যবহার না করতে পারে তার জন্য হল প্রভোস্ট ও সহকারী প্রভোস্টগণ যথাযথভাবে মনিটরিং করবে এবং বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হওয়ার জন্য শিক্ষার্থীদের নির্দেশনা প্রদান করবেন।
- বৈদ্যুতিক বাতি ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ মিতব্যয়িতা নিশ্চিত করতে হবে। একাডেমিক ও প্রশাসনিক ভবনের প্রতি ফ্লোরে ফ্লোরে সকল অনাবশ্যিক বৈদ্যুতিক পাখা ও বাতি বন্ধ নিশ্চিত করতে হবে।
- প্রত্যেক বিভাগ/অফিসে ন্যূনতম বৈদ্যুতিক পাখা ও বাতি ব্যবহার করতে হবে। বিভাগ/দপ্তরের অফিস কক্ষে অবস্থান না করলে কক্ষের বৈদ্যুতিক পাখা, বাতি, এসি ইত্যাদি যন্ত্র বন্ধ নিশ্চিত করতে হবে।
- প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকবৃন্দ/কর্মকর্তাগণের এয়ারকন্ডিশনারের (AC) তাপমাত্রা ২৫ বা তদুর্ধ্ব ডিগ্রি সেলসিয়াস নির্ধারণ করতে হবে। এতদ্ব্যতীত এয়ারকন্ডিশনার এক ঘণ্টা ব্যবহারের পর এক ঘণ্টা বন্ধ রাখতে হবে।
- বিশ্ববিদ্যালয়ের যেখানে যেখানে সোলার বাতির ব্যবস্থা আছে সেখানে সোলার বাতি জ্বলবে এবং বৈদ্যুতিক বাতি বন্ধ নিশ্চিত করতে হবে।
- এই বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন/প্রশাসনিক ভবন/ ছাত্র-ছাত্রী হল /শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের হোস্টেল/ডরমেটরিসহ যেখানে বৈদ্যুতিক মটরের সাহায্যে পানি উত্তোলন করা হয় সে সকল ভবনে পানি উত্তোলন করার পর সাথে সাথে বৈদ্যুতিক মটর বন্ধ নিশ্চিত করতে হবে।
- দিনের বেলায় অফিস কক্ষে ও ক্লাশরুম বা ল্যাবের জানালা খুলে সূর্যের আলো (ডে লাইট) ব্যবহার করতে হবে
- রাত ১০ টার পর প্রত্যেক ছাত্র হল/ছাত্রী হলের প্রতি ফ্লোরে ন্যূনতম লাইট জ্বলবে।
- একাডেমিক ও প্রশাসনিক ভবনের সকল ফ্লোরের লাইটগুলো অটোমেশন করতে হবে।
- আলোকসজ্জা এবং ভবনের বাইরে রাতে কোন অনুষ্ঠানাদি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত পরিহার করতে হবে।
- এছাড়া বিশ্ববিদ্যালয় অভ্যন্তরের কোন ভবনে (একাডেমিক ও প্রশাসনিক) নতুন এসি সংযোজনের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,


  
(মোঃ মোরাদ হোসেন)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২২/৫৯/১১৬৮(৫৫)

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৯  
০২ আগস্ট ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- অনুষদ/বিভাগ/দপ্তর/হল প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধসহ)।
- উপ-পরিচালক (জনসংযোগ), জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- অফিস নথি।

  
(মোঃ শাহাবুদ্দিন)  
সেকশন অফিসার